# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪০১

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ মানুষের জন্য জরুরী হলো তার মুসলিম ভাইয়ের ভালো ও মন্দ উভয় ধরণের কাজের জন্য ভালো করা

ذِكْرُ مَا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنْ مُجَازَاةِ الْخَيْرِ لِأَخِيهِ الْمُسْلِمِ عَلَى أَعْمَالِهِ الصَّالِحَةِ وَالسَّيِّئَةِ

## আরবী

3401 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ يُونُسَ قال: حدثنا سفيان الثوري عَنْ أَبِي الْأَحْوَصِ: عَنْ أَبِيهِ قَالَ: قُلْتُ: يارسول اللَّهِ مَرَرْتُ بِرَجُلٍ فَلَمْ يُضَيِّفْنِي وَلَمْ يقرِني أَفَأَحْتَكِمُ؟ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (بل اقْرِه)

الراوي : أَبُو الْأَحْوَصِ: عَنْ أَبِيهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3401 | خلاصة حكم المحدث: صحيح – ((الصحيحة)) (1290).

## বাংলা

৩৪০১. আবুল আহওয়াস তার বাবা থেকে হাদীস বর্ণনা করেছেন, তিনি বলেন, “আমি বললাম, হে আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি এক ব্যক্তির পাশে ছিলাম, কিন্তু সে আমাকে মেহমানদারী করেনি এবং কোন সৌজন্যমূলক আচরণ করেনি, তবে আমিও কি তার সাথে এরকম করবো?” জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “বরং তুমি তার সাথে সৌজন্যমূলক আচরণ করবে।”[1]

## ফুটনোট

[1] তাবারানী: ১৯/৬০৬; তিরমিযী: ২০০৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ১২৯০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবুল আহওয়াস (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92735

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন